গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, মঙ্গলবার ৩ মার্চ ২০১৫, ১৯ ফাল্গুন ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জঙ্গি তৎপরতা রোধে যৌথ অভিযান জোরদার করুন : মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী
২। শিগগিরই ঢাকায় আসতে চান ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি : প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চিঠি
৩। ব্লগার অভিজিৎ রায়কে হুমকিদাতা ফারাবী গ্রেফতার
৪। অবরোধ কেন অসাংবিধানিক নয় : হাইকোর্টের রুল
৫। সরকারের কাছে ২১টি সুবিধা চাইলেন রপ্তানিকারকেরা
৬। ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে চার লেনের কাজ ৬ মাসের মধ্যে শেষ হবে : পরিকল্পনামন্ত্রী
৭। সোয়াইন ফ্লু প্রতিরোধে যথাযথ ব্যবস্থা নেই
৮। তিন মাসের মধ্যে গৃহকর্মী নেবে সৌদি আরব : নিবন্ধন শুরু ৫ মার্চ
৯। নাশকতায় রাজধানীতে অর্ধশত গাড়িতে আগুন-ভাঙচুর
১০। বিদেশিদের জন্য তিনটি অনলাইন সেবা চালু বিনিয়োগ বোর্ডের
১১। ডিসিসির কাঁচাবাজার তিন মাসের মধ্যে ফরমালিনমুক্ত ঘোষণা

চলমান পাতা/২

১। জঙ্গি তৎপরতা রোধে যৌথ অভিযান জোরদার করুন : মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী

কেউ যাতে নাশকতা সৃষ্টি করতে না পারে সেজন্য সারাদেশে দলীয় নেতাকর্মীদের সজাগ ও সতর্ক থাকার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিশেষ করে চট্টগ্রাম থেকে গত দুই সপ্তাহে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হাতে বিপুল পরিমাণ বিস্ফোরক দ্রব্য আটকের প্রেক্ষাপটে ওই এলাকায় বেশি সতর্কতা অবলম্বনের ওপর গুরুত্বারোপ এবং পাহাড়ি এলাকায় জঙ্গি তৎপরতা রোধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর যৌথ অভিযান জোরদার করার নির্দেশ দেন প্রধানমন্ত্রী। গতকাল ২ মার্চ সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে অনানুষ্ঠানিক আলোচনায় তিনি এসব নির্দেশনা দেন। এছাড়া ব্যাটালিয়ান আনসারে বিদ্রোহের জন্য যথোপযুক্ত শাস্তির বিধানে 'ব্যাটালিয়ান আনসার সংশোধন আইন-২০১৫' নীতিগত অনুমোদন দেয় মন্ত্রিসভা। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.১), সংবাদ (পৃ.১,ক.৩), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৩), নিউ এজ (শেষ পৃ.,ক.১)।

২। শিগগিরই ঢাকায় আসতে চান ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি : প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চিঠি

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি শিগগিরই বাংলাদেশ সফরে আসতে চান। প্রধানমন্ত্রী শেখ হাসিনাও তাঁকে স্বাগত জানাতে অপেক্ষায় রয়েছেন। ভারতের নতুন পররাষ্ট্র সচিব এস জয়শঙ্কর গতকাল ২ মার্চ সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে নরেন্দ্র মোদির একটি চিঠি তুলে দিয়েছেন। ওই চিঠিতে নরেন্দ্র মোদি ঢাকা সফরের জন্য নিজের আগ্রহের কথা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জানান। সন্ধ্যায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে জাতীয় সংসদ ভবনে তাঁর দপ্তরে জয়শঙ্করের সৌজন্য সাক্ষাতের পর প্রধানমন্ত্রীর প্রেস সচিব এ কে এম শামীম চৌধুরী গণমাধ্যমকর্মীদের এসব তথ্য জানান। সূত্র-প্রথম আলো (পৃ.১,ক.২), ইনকিলাব (পৃ.১,ক.২), সংবাদ (পৃ.১,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.৩)।

৩। ব্লগার অভিজিৎ রায়কে হুমকিদাতা ফারাবী গ্রেফতার

লেখক ও ব্লগার ড. অভিজিৎ রায় হত্যা মামলায় অন্যতম সন্দেহভাজন শফিউর রহমান ফারাবীকে গ্রেফতার করেছে র‍্যাব। র‍্যাবের দাবি, ফারাবী এ হত্যাকাণ্ডের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। তিনি এ হত্যাকাণ্ডের হুমকিদাতা। জিজ্ঞাসাবাদ শেষে র‍্যাব ফারাবীকে ডিবিতে হস্তান্তর করেছে। অভিজিৎ হত্যার ঘটনায় দায়ের করা মামলায় ফারাবীকে গ্রেফতারকৃত আসামি হিসাবে দেখানো হয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.১,ক.৩)। সমকাল, ভোরের কাগজ, ডেইলি স্টার, ডেইলি সান, ইন্ডিপেনডেন্টসহ কয়েকটি দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। অবরোধ কেন অসাংবিধানিক নয় : হাইকোর্টের রুল

বিএনপির নেতৃত্বাধীন ২০ দলীয় জোটের চলমান অবরোধের বৈধতা নিয়ে চার ব্যবসায়ী সংগঠনের করা রিটে পৃথক নয়টি রুল জারি করেছেন হাইকোর্ট। রুলে অবরোধ আহ্বান কেন অসাংবিধানিক ঘোষণা করা হবে না এবং হরতাল ও অবরোধের ওপর আইনগত বিধিনিষেধ আরোপের ক্ষেত্রে সরকারের নিষ্ক্রিয়তা কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চাওয়া হয়েছে। বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি আবু তাহের মো. সাইফুর রহমান সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল ২ মার্চ সোমবার এ রুল জারি করেন। সূত্র-সমকাল (পৃ.১,ক.৩), সংবাদ (পৃ.১,ক.২), ইনকিলাব (পৃ.১,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৩)। নিউজ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। সরকারের কাছে ২১টি সুবিধা চাইলেন রপ্তানিকারকেরা

চলমান সহিংস রাজনৈতিক পরিস্থিতির কারণে সরকারের কাছে স্বল্প ও দীর্ঘমেয়াদি ২১টি সুবিধা চেয়েছেন রপ্তানিকারকেরা। সুবিধাগুলো ব্যাংক, বিমা, বন্দর, কর ও বিশেষ সহায়তা সংক্রান্ত। সচিবালয়ে গতকাল ২ মার্চ সোমবার অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিদের সঙ্গে বৈঠক করে পোশাক, বস্ত্র ও রপ্তানিমুখী বিভিন্ন খাতের ব্যবসায়ীরা তাঁদের অসুবিধা ও ক্ষতির চিত্র তুলে ধরেন। সূত্র-প্রথম আলো (পৃ.১২,ক.৩), সমকাল (শেষ পৃ.,ক.৩), ইত্তেফাক (পৃ.৩,ক.৩), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৩), ফিন্যানসিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.৩)।

৬। ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে চার লেনের কাজ ৬ মাসের মধ্যে শেষ হবে : পরিকল্পনামন্ত্রী

আগামী ৬ মাসের মধ্যে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের চার লেনের কাজ শেষ হবে বলে জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি বলেন, ২০৫০ সালের মধ্যে বাংলাদেশ অস্ট্রেলিয়া ও মালয়েশিয়াকে ছাড়িয়ে যাবে। একদিন যা স্বপ্ন ছিল আজ তা বাস্তবে রূপ নিয়েছে। গতকাল ২ মার্চ সোমবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে ঢাকা চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের নেতাদের সঙ্গে বৈঠকে তিনি এসব কথা বলেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.২), ইত্তেফাক (পৃ.১৮,ক.৩), জনকণ্ঠ (পৃ.১৮,ক.৩)।

৭। সোয়াইন ফ্লু প্রতিরোধে যথাযথ ব্যবস্থা নেই

সোয়াইন ফ্লু প্রতিরোধে দেশব্যাপী সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণে স্বাস্থ্যমন্ত্রী নির্দেশ দিলেও ফ্লু নির্ণয়ের জন্য মাঠ পর্যায়ে নেই কোনো যন্ত্রপাতি ও রি-এজেন্ট। এতে করে সোয়াইন ফ্লু ছড়িয়ে পড়তে পারে বলে ধারণা করছেন সীমান্ত এলাকার লোকজন। রোগ তত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের (আইইডিসিআর) পরিচালক প্রফেসর

ড. মাহমুদুর রহমান বলেন, সোয়াইন ফ্লু নির্ণয়ের কাজটি অত্যন্ত জটিল ও সময়সাপেক্ষ হওয়ায় এটি শুধু আইইডিসিআর-এ করা হয়ে থাকে। তিনি বলেন, বাংলাদেশে এখনো এমন কোনো রোগী ধরা পড়ে নি। তাই উদ্বিগ্ন হওয়ার কিছু নেই। ড. মাহমুদুর বলেন, বাংলাদেশে এই রোগের মৌসুম শুরু হতে এখনো প্রায় মাস খানেক বাকি। তাই এখনো কেন্দ্রীয়ভাবে ওষুধ পাঠানো হয়নি। তবে নির্ধারিত সময়ের পূর্বেই প্রয়োজনীয় অনুষঙ্গ পাঠানো হবে বলে জানান তিনি। সূত্র-ইনকিলাব (শেষ পৃ.,ক.৪), যুগান্তর (পৃ.৩,ক.৪)।

৮। তিন মাসের মধ্যে গৃহকর্মী নেবে সৌদি আরব : নিবন্ধন শুরু ৫ মার্চ

আগামী তিন মাসের মধ্যে বাংলাদেশ থেকে গৃহকর্মী নেবে সৌদি আরব। দেশটির ইস্টার্ন প্রভিন্সের রিক্রুটমেন্ট অফিসের বরাত দিয়ে গতকাল ২ মার্চ সোমবার সৌদি গেজেট এ খবর জানিয়েছে। এদিকে সৌদি গমনেচ্ছু নারীকর্মীদের নিবন্ধন আগামী ৫ মার্চ বৃহস্পতিবার শুরু হবে। প্রথম পর্যায়ে ১১ মার্চ পর্যন্ত শুধু ঢাকা বিভাগের এবং পরবর্তী সময়ে অন্যান্য বিভাগের বাসিন্দারা পর্যায়ক্রমে নিবন্ধন করতে পারবেন। আগ্রহী পুরুষ কর্মী এ দফায় নিবন্ধন করতে পারবেন না। সূত্র-সমকাল (পৃ.১,ক.১), ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), ডেইলি সান (শেষ পৃ.,ক.৩), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৪)।

৯। নাশকতায় রাজধানীতে অর্ধশত গাড়িতে আগুন-ভাঙচুর

হরতাল অবরোধকারীরা রাজধানীর বিভিন্ন স্থানে গতকাল ২ মার্চ সোমবার রাত ৯টা পর্যন্ত ১৫টি গাড়িতে আগুন দিয়েছে এবং ৩০টি গাড়ি ভাঙচুর করেছে। এছাড়া ককটেল বিস্ফোরণে ১৫জন আহত হয়েছে। পুলিশ নাশকতার অভিযোগে বিএনপি-জামায়াতের ১৪ নেতাকর্মীকে গ্রেফতার করেছে। সূত্র-সংবাদ (পৃ.১,ক.১), প্রথম আলো (পৃ.১,ক.৩), জনকণ্ঠ (পৃ.১,ক.৩), ডেইলি স্টার (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৩)। নিউ এজ, নিউ নেশন এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। বিদেশিদের জন্য তিনটি অনলাইন সেবা চালু বিনিয়োগ বোর্ডের

বিদেশিদের জন্য তিনটি অনলাইন সেবা চালু করেছে বিনিয়োগ বোর্ড। এগুলো হলো ভিসা সেবা, কর্মসনদ বা ওয়ার্ক পারমিট ও বিদেশি প্রতিষ্ঠানের শাখা বা লিয়াজোঁ কার্যালয় স্থাপন। গত ১ মার্চ রোববার আনুষ্ঠানিকভাবে এ অনলাইন সেবা চালুর ঘোষণা দেওয়া হয়। বিনিয়োগ বোর্ড জানিয়েছে এখন থেকে ঘরে বসেই এসব সেবা নিতে ওয়েব সাইটের (www.eservice.boi.gov.bd) মাধ্যমে নির্ধারিত তথ্য সংযুক্ত করে উল্লিখিত সেবার জন্য আবেদন করা যাবে। সূত্র-সংবাদ (পৃ.১৪, ক.২)।

১১। ডিসিসির কাঁচাবাজার তিন মাসের মধ্যে ফরমালিনমুক্ত ঘোষণা

আগামী ৩ মাসের মধ্যে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাভুক্ত কাঁচাবাজারগুলো ফরমালিনমুক্ত ঘোষণা এবং ফরমালিন শনাক্তকরণ বুথ স্থাপন করা হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম। গতকাল ২ মার্চ সোমবার জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা জানান। মন্ত্রী বলেন, প্রথম ধাপে উত্তর সিটি কর্পোরেশনের মালিকানাধীন ১৫টি কাঁচাবাজারে ফরমালিন শনাক্তকরণের লক্ষ্যে বুথ স্থাপন এবং ফরমালিনমুক্ত ঘোষণা করা হবে। দ্বিতীয় ধাপে কর্পোরেশনের আওতাভুক্ত বেরসকারি বা ব্যক্তি মালিকানাধীন কাঁচাবাজারগুলো ফরমালিনমুক্ত করা হবে। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.২), প্রথম আলো (পৃ.১৭,ক.২), ইনকিলাব (শেষ পৃ.,ক.২), যুগান্তর (শেষ পৃ.,ক.১)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : নির্বাচিত সিটি কর্পোরেশনের মেয়রদের বিরুদ্ধে নানা হয়রানির কারণে উদ্বেগ প্রকাশ করে শুধু রাজনৈতিক কারণে স্থানীয় সরকার ব্যবস্থার অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান সিটি কর্পোরেশনগুলোকে বিপর্যস্ত অবস্থার দিকে ঠেলে দেওয়াকে নেতিবাচক উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ;

খ. ইত্তেফাক : চিকিৎসা সরঞ্জাম আমদানিতে দেশের সুবিধাভোগী শীর্ষ ১০টি হাসপাতাল ও ক্লিনিকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার পাশাপাশি স্বাস্থ্য খাতের অনিয়ম ও অনাচারগুলি দূর করতে আরও আন্তরিক ও সচেষ্ট হওয়ার আহ্বান;

গ. জনকণ্ঠ : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে বিজ্ঞাপনে বাণিজ্যিক ব্যবহারে নিন্দা প্রকাশ;

ঘ. সংবাদ : সম্পূর্ণ বিধি বহির্ভূতভাবে একটি লিজিং কোম্পানি থেকে সাত পরিচালক প্রায় সাড়ে ৫০০ কোটি টাকা আত্মসাৎ করার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এসব জালিয়াতির বিচার ক্রিমিনাল অফেন্স হিসেবে বিচারের দাবি;

ঙ. সমকাল, ডেইলি সান : হরতাল-অবরোধের মধ্যেও সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ক্লাস ও পরীক্ষাসহ যাবতীয় শিক্ষা কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত সময়োপযোগী ও সঠিক বলে মত প্রকাশ;

চ. ডেইলি স্টার, নিউ এজ : চলমান অবরোধ-হরতালের নাশকতায় জনজীবনের অসহনীয় দুর্ভোগের চিত্র তুলে ধরে অবিলম্বে আওয়ামী লীগ ও বিএনপিকে এ ব্যাপারে যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণের সুপারিশ;

ছ. ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার : কঠোর নিরাপত্তা বলয়ের মধ্যে অভিজিৎ রায় খুন হওয়ার প্রেক্ষিতে জনজীবনের নিরাপত্তা বিধানে ঢাকা মহানগরী বিভিন্ন স্থানে স্থাপিত সিসি ক্যামেরাগুলোকে সক্রিয় ও কার্যকর

রাখার ওপর গুরুত্বারোপ;

জ. ডেইলি সান: জনজীবনে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার ব্যাপারে পররাষ্ট্র মন্ত্রীর প্রতি কূটনীতিকদের আহ্বানের বিষয় উল্লেখ করে এ ব্যাপারে সমাধানের পথ খুঁজে বের করার সুপারিশ;

ঝ. নিউজ টুডে, ইনকিলাব : বাংলাদেশ সরকার ও জাতিসংঘের যৌথ পর্যবেক্ষক দল সুন্দরবন সুরক্ষায় যেসব সুপারিশ করেছে তা দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণের প্রত্যাশা;

ঞ. নিউ নেশন, নিউ এজ : ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানগুলো এসএমই লোন প্রকৃত উদ্যোক্তাদের মাঝে যথাযথভাবে বিতরণের পদক্ষেপ গ্রহণের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে অসাম্প্রদায়িক ধর্মান্ধতা প্রতিরোধে সবাইকে একযোগে কাজ করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত ‘ভয়ের সংস্কৃতি বনাম মানবাধিকার সংস্কৃতি’ শিরোনামের নিবন্ধে সুলতানা কামাল আন্দোলনকে সহিংসতা ও ভীতি সৃষ্টির মাধ্যমে আতঙ্কিত করে তোলা নিন্দনীয় উল্লেখ করে সব পক্ষ অবিলম্বে সহিংসতা পরিহার করে এ পরিস্থিতি মোকাবিলা করবে এই প্রত্যাশা ব্যক্ত করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা